

আজ বরষার রূপ হেরি মানবের মাঝে—  
 চলেছে গরজি, চলেছে নিবিড় সাজে ॥  
 হৃদয়ে তাহার নাচিয়া উঠিছে ভীমা,  
 ধাইতে ধাইতে লোপ ক'রে চলে সীমা,  
 কোন্ তাড়নায় মেঘের সহিত মেঘে  
 বক্ষে বক্ষে মিলিয়া বজ্র বাজে ॥  
 পুঞ্জ পুঞ্জ দূরে সুদূরের পানে  
 দলে দলে চলে, কেন চলে নাহি জানে ।  
 জানে না কিছুই কোন্ মহাদ্রিতলে  
 গভীর শ্রাবণে গলিয়া পড়িবে জলে,  
 নাহি জানে তার ঘনঘোর সমারোহে  
 কোন্ সে ভীষণ জীবন মরণ রাজে ॥

---

Parjaay: Prakriti / Borsha

Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail